- ৪) প্রধান কার্যালয়ের গুরুত্বপূর্ণ তথ্য ব্যাকআপ নেয়ার কোন লিখিত পলিসি নেই। তবে ল্যানে কানেক্টেড পিসি গুলোতে এক পিসির ব্যাকআপ অন্য পিসিতে সংরক্ষণ করা হয় বলে পরিদর্শন দলকে অবহিত করা হয়েছে। জুনতামামী ও সালতামামী শেষে কমপক্ষে দুই বার প্রধান কার্যালয় ব্যতীত সকল শাখার ডাটা ব্যাকআপ নেওয়া ব্যাকআপ নেয়ার দায়িত্ব গ্রামীণ কমিউনিকেশনসের। মূল কপি গ্রামীণ কমিউনিকেশনস প্রধান কার্যালয়ে সংরক্ষণ করলেও শুধু সালতামামী শেষে এর অনুলিপির ২টি কপি সংরক্ষনের জন্য ব্যাংকের অবলোকন ও মূল্যায়ন এবং কেন্দ্রীয় হিসাব বিভাগে সরবরাহ করা হয়েছে। তবে ব্যাকআপ নেয়ার কোন রেজিস্টার ব্যাংকের প্রধান কার্যালয়ে সংরক্ষন করা হয় না। ব্যাংকের ডাটা বেজের সার্ভার গ্রামীণ কমিউনিকেশনস সংরক্ষন করে। সার্ভারটি ব্যাংকের ৯ তলায় গ্রামীণ কমিউনিকেশনস এর অফিসে স্থাপন করা হয়েছে। সার্ভারটি পরিদর্শন করতে গেলে দেখা যায় যে, এটি ভবনের পূর্ব প্রান্তে কাঁচের দেয়াল ঘেষে বসানো হয়েছে। রুমটি বেশ ছোট। যেকোন প্রাকৃতিক দুর্যোগে গ্লাস ভেঙ্গে গেলে বৃষ্টি বা ঝড়ে সার্ভারটি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। অন্যদিকে সার্ভারটির কোন ডিজাস্টার রিকভারি সাইট এখনো তৈরী করা হয়নি। গ্রামীণ কমিউনিকেশনস এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পোর্টেবল হার্ড ডিস্কের মাধ্যমে বর্তমানে সার্ভারের ব্যাকআপ রাখছে বলে পরিদর্শন দলকে অবহিত করেছেন।

- ৫) আইটি ব্যবস্থাপনার বিষয়ে সময়ে সময়ে সার্কুলার দেয়া হয়। সার্কুলারে বর্ণিত নির্দেশনা অনুসারে গ্রামীণ কমিউনিকেশনস এর চুক্তির সংশোধনী আনা হয়। গ্রামীণ কমিউনিকেশনস এর কার্যক্রম মনিটর করার দায়িত্ব অবলোকন ও মূল্যায়ন বিভাগের হলেও কার্যত উহা মনিটরিং করা হয় না।
- ৬) প্রধান কার্যালয়ের আইটি ব্যবস্থাপনায় লিখিত কোন নির্দেশনা কর্তৃপক্ষ পরিদর্শনদলকে সরবরাহ করতে পারেনি। গ্রামীণ ব্যাংক, প্রধান কার্যালয়ের আইটি ব্যবস্থাপনা গ্রামীণ কমিউনিকেশনস এর সাথে সম্পাদিত চুক্তির অন্তর্ভুক্ত নয়।

৮.০৪. ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা

গ্রামীণ ব্যাংকের ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা পর্যালোচনায় দেখা যায় যে, গ্রামীণ ব্যাংক কর্তৃক ক্রেডিট রিস্ক গ্রেডিং ম্যানুয়াল প্রনয়ণ করা হয়নি ফলে ঋণ অনুমোদনের পূর্বে প্রযোজ্য ক্ষেত্রে ঋণ গ্রহীতার ঋণের রিস্ক গ্রেডিং করা হয় না। তাছাড়া ঋণ বিতরণের পূর্বে প্রযোজ্য ক্ষেত্রে ঋণ গ্রহীতার সিআইবি রিপোর্ট গ্রহণ করা হয় না। তবে গ্রামীণ ব্যাংকের নিজস্ব ঋণ নীতিমালা জুলাই-২০০৪ এ প্রনয়ণ করা হয়েছে এবং সর্বশেষ আগস্ট-২০০৯-এ চতুর্থ সংস্করণ প্রকাশ করা হয়েছে। উক্ত নীতিমালা প্রকাশের পূর্বে বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করা হয়নি।

৮.০৫. মানি লন্ডারিং

মানি লন্ডারিং আইন ও সন্ত্রাস বিরোধী আইনের পরিপালনের লক্ষ্যে গ্রামীণ ব্যাংকে কোন প্রাতিষ্ঠানিক কাঠামো পরিলক্ষিত হয়নি। মানি লন্ডারিং সংক্রান্ত নিজস্ব কিছু সার্কুলার থাকলেও সেগুলো পরিপালন করা হয় না। হিসাব খোলার সময় বিশেষ করে অসদস্যদের ক্ষেত্রে কোন ধরনের KYC (Know Your Customer) Policy অনুসরণ করা হয় না। সন্দেহজনক লেনদেন ও বড় অংকের নগদ আর্থিক লেনদেন মনিটর করা হয় না এবং এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকে কোন ধরনের প্রতিবেদন দাখিল করতে হয় না। ফলে মানি লন্ডারিং সংক্রান্ত বিষয়বালী মনিটরিং বা নজরদারী সম্পূর্ণ উপেক্ষিত থেকে যাচ্ছে।

৯.০০. শাখা পরিদর্শন

০৯ ফেব্রুয়ারী, ২০১১ তারিখে গ্রামীণ ব্যাংকের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শনের লক্ষ্যে ভাওয়াল মির্জাপুর শাখা পরিদর্শন করা হয়। উক্ত শাখার আওতাধীন একটি কেন্দ্রও পরিদর্শন করা হয়। কেন্দ্রে ঋণ গ্রহীতাদের সাথে সরাসরি বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। উক্ত শাখায় গ্রামীণ ব্যাংকের একজন ঋণ গ্রহীতা পরিচালকের সাথেও সাক্ষাৎ করা হয় ও বিভিন্ন বিষয়ে মত বিনিময় করা হয়। কেন্দ্র ও শাখা পরিদর্শনের পর উক্ত শাখা নিয়ন্ত্রণকারী এরিয়া অফিস পরিদর্শন করা হয়।

৯.০১. গ্রামীণ ব্যাংকের ভাওয়াল মির্জাপুর শাখা পরিদর্শন :

- যে খাতে ঋণ দেয়া হয়েছে ঋণীদের বক্তব্য থেকে অনেক ক্ষেত্রে অমিল দেখা গেছে। যেমন গৃহ মেরামত খাতে ২০০০/- টাকা ঋণ দেয়া হয়েছে মর্মে কালেকশন শীটে দেখানো হলেও ঋণীর বক্তব্য হতে দেখা যায় তা আসলে হাস-মুরগী কেনায় ব্যয় হয়েছে। ঋণ ব্যবহার সঠিক খাতে না দেখানো হলে ব্যাংকের বার্ষিক প্রতিবেদনে খাতওয়ারী যে ঋণের পরিমাণ দেখানো হয় সেখানে সঠিক চিত্র প্রতিফলিত হয়না।
- গ্রামীণ ব্যাংকের ১০০ টাকার শেয়ার কেনার ব্যাপারে সদস্যদের আগ্রহ আছে মর্মে প্রতীয়মান হয়। শেয়ার কেনার বাধ্যবাধকতা সম্পর্কে সদস্যগণ সচেতন নন মর্মে প্রতীয়মান হয়। প্রায় সকলেই শেয়ার কিনেছেন দেখা যায়।
- দিনের শুরুতে কেন্দ্রে সকল সদস্যদের পাশবই পূরণ করার কথা থাকলেও কিছু ব্যতিক্রম লক্ষ্য করা যায়, একজন ঋণীর পাশবই প্রায় এক সপ্তাহ যাবত লেখা হয়নি মর্মে অভিযোগ করা হয়। গ্রামীণ ব্যাংকের কর্মীদের দ্বারা অর্থ আত্মসাতের পরিমাণ দিনে

- দিনে বৃদ্ধি পাচ্ছে। সঠিকভাবে নিয়মিত পাশবই সংরক্ষণ করা গেলে অর্থ আত্মসাতের পরিমাণ হ্রাস পেরত। তিনমাস পর পর পাশবই চেক করার যে বিধান রয়েছে তা প্রতি সপ্তাহে করা গেলে অর্থ আত্মসাতের পরিমাণ কম হতো।
৪. কেন্দ্রঘর যে স্থানে অবস্থিত সে স্থানের ভাড়া বাবদ কোন অর্থ প্রদান করা হয়না, সেক্ষেত্রে জমির মালিক আর্থিকভাবে বঞ্চিত হচ্ছেন মর্মে প্রতীয়মান হয়।
 ৫. অনেক সদস্যই গ্রামীণ ব্যাংক হতে একাধিক ঋণ সুবিধা ভোগ করছেন। লোন প্রায় অর্ধেক পরিমাণ (২২-২৪ সপ্তাহ নিয়মিত ঋণ পরিশোধ করার পর) পরিশোধিত হওয়ার পর একই খাতে নতুন ঋণ নেয়া যায়। সঞ্চয়ের সমান অর্থের দেড়গুণ পরিমাণ অর্থও ঋণ হিসেবে নেয়া যায়। সেক্ষেত্রে নতুন ঋণ নিয়ে পুরোনো ঋণ পরিশোধের প্রবণতা বৃদ্ধি পেতে পারে।
 ৬. আর্থিক সচ্ছলতা থাকা সত্ত্বেও গ্রামীণ ব্যাংকের বেশকিছু সদস্য নিয়মিতভাবে গ্রামীণ ব্যাংক হতে ঋণ নিয়ে থাকেন মর্মে প্রতীয়মান হয়। গ্রামীণ ব্যাংকের সদস্যগণ আরো বড় পরিসরে ব্যবসা পরিচালনা এবং অধিক মুনাফার লক্ষ্যে তারা ঋণ নিয়ে থাকেন মর্মে সদস্যগণ মন্তব্য করেন।
 ৭. ঋণীর সম্পদের বিবরণ থেকে দেখা যায় ১.১৫ একর জমি থাকা সত্ত্বেও তাকে ঋণ প্রদান করা হয়েছে (২০,০০০/-) যা গ্রামীণ ব্যাংক অধ্যাদেশের (ভূমিহীণের সংজ্ঞার) লংঘন মর্মে প্রতীয়মান হয় (ঋণী নং-৫১৩১/১, কেন্দ্র : -৫৬ সি, ভাওয়াল মির্জাপুর, গাজীপুর শাখা)।
 ৮. ভাওয়াল মির্জাপুর, গাজীপুর শাখার ২০০৬ সনের কম্পিউটার খরচ ২০১০ সনের ডিসেম্বর ক্লোজিং (এরিয়া অফিসের নির্দেশনাক্রমে) এ দেখানো হয়েছে, যা আইএএস এর পরিপন্থী মর্মে প্রতীয়মান হয়।
 ৯. শাখা পরিদর্শন কালে দেখা যায় বিশেষ বিনিয়োগ প্রকল্পে ঋণ বিশ্লেষণ করার ক্ষেত্রে প্রধান কার্যালয় কর্তৃক নিধরিত ফরমেট দায়সারাভাবে পূরণ করা হচ্ছে। অর্থাৎ যথাযথভাবে ঋণঝুঁকি বিশ্লেষণ করা হচ্ছেনা, অবজেক্টিভ জাজমেন্টের তুলনায় কোয়ালিটিভ জাজমেন্টকে গুরুত্ব দেয়া হচ্ছে।
 ১০. একটি ডিপোজিট হিসাবের টাকা উত্তোলন পরীক্ষান্তে দেখা যায় (লোনি নং-১০০০০৭, ব্রাঞ্চ নং-০৩৩৩, আইটেম নং-৩১) ৩১/০৫/২০০০ তারিখে ৪৮৩৩ টাকা নেগেটিভ ব্যালান্স রয়েছে। এ বিষয়ে ব্যাখ্যা চাওয়া হলে জানানো হয়, ইতোপূর্বে আলোচ্য সঞ্চয়ী হিসাবের ১০,০০০/- টাকা ভুলক্রমে অন্য হিসাবে (লোনি নং-১০০০৭৭) জমা হওয়ায় এ ধরনের ঘটনা ঘটেছে। পরবর্তীতে অন্য একটা তারিখে দেখা যায় ভুল সংশোধন করা হয়েছে। কোন হিসাব থেকে ওভারড্র করার সুযোগ থাকা বাঞ্ছনীয় নয়। জি-ব্যাংকার-৪ সফটওয়্যার এ সমস্যা রয়েছে, জি-ব্যাংকার-৫ এ এ ধরনের ফান্ড ওভারড্রন হওয়ার কোন সুযোগ নেই মর্মে এরিয়া অফিস থেকে অবহিত করা হয়। এ ধরনের ভুলের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে লেনদেন সংশোধন করা যায়। গ্রামীণ ব্যাংকের গ্রাহকের হিসাবে লেনদেনের কোন Transaction Reference No. দেখা যায়না। লেনদেন সহজে চিহ্নিতকরণ এবং তা সংশোধনের বিষয়টিও চিহ্নিতকরণের ক্ষেত্রে Transaction Reference No. থেকে সহজে করা যেতে পারে।
 ১১. ঋণ হিসাবের লেজার পর্যালোচনান্তে দেখা যায় নতুন ঋণ সৃষ্টি করে পুরনো ঋণ পরিশোধ করা হচ্ছে।
 ১২. ব্যবসা বিকাশের (২০০১-২০০২ সনে প্রতিষ্ঠিত) গ্যারান্টিতে বড় অঙ্কের অনেকগুলো ঋণ প্রদান করা হয়েছে। ঋণ প্রদানের ক্ষেত্রে শাখা/গ্রামীণ ব্যাংক কর্তৃক যে বিশ্লেষণ করা হয়, তার বাইরে ব্যবসা বিকাশ কর্তৃক পৃথক কোন বিশ্লেষণ (অর্থায়ন ভায়াবল হবে কিনা) করা হয়না। ব্যবসা বিকাশ তাদের সাধারণ একটি ফরমে গ্যারান্টি প্রদান করে যেখানে শুধুমাত্র ব্যক্তির নাম থাকে কোন পদমর্যাদা/সীল ব্যবহার করা হয়না।
 ১৩. ব্যবসা বিকাশের গ্যারান্টিতে কি পরিমাণ ঋণ আছে গ্রামীণ ব্যাংকের বার্ষিক প্রতিবেদনে তার কোন ডিসক্লোজার নেই। ফলশ্রুতিতে ব্যবসা বিকাশ আদৌ উক্ত পরিমাণ ঋণের বিপরীতে গ্যারান্টি প্রদানের আর্থিক সামর্থ্য রাখে কিনা তা যাচাই করা সম্ভব হয়না।
 ১৪. ব্যবসা বিকাশের গ্যারান্টিতে বিতরতকৃত ঋণ, কু-ঋণ হলে তার বিপরীতে কোন প্রভিশন রাখা হয়না।
 ১৫. অনেক সদস্যকে দেখা যায় আর্থিক সচ্ছলতা থাকা সত্ত্বেও কম পরিমাণে হলেও গ্রামীণ ব্যাংক হতে ঋণ সুবিধা ভোগ করছেন।

৯.০২. গ্রামীণ ব্যাংকের ঋণগ্রহীতা-পরিচালকের সাথে সাক্ষাৎকারের সারমর্ম :

১. ঋণগ্রহীতা-পরিচালক নির্বাচনের ক্ষেত্রে কেন্দ্রের পারফরমেন্সকেই মানদণ্ড হিসেবে গণ্য করে প্রথমে শাখা পর্যায়ে, এর পরে এরিয়া অফিস পর্যায়ে এবং সর্বশেষে জোনাল পর্যায়ে পরিচালক নির্বাচন করা হয়ে থাকে। এ ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতার কোনরূপ ভূমিকা নেই মর্মে প্রতীয়মান হয়। তিনি তার কেন্দ্রের সফলতার কারণে গ্রামীণ ব্যাংকের পরিচালক হিসেবে নিয়োগ পেয়েছেন। পরিচালক হিসেবে প্রাপ্য ভাতাদিও তাকে পরিশোধ করা হয়েছে।
২. পরিচালক নির্বাচিত হওয়ার পর বোর্ডে আলোচিত বিভিন্ন বিষয় বোঝা/আলোচনা করা (যেমন ঋণ প্রতিশোধ সংক্রান্ত নীতিমালা, বিনিয়োগ নীতি, ক্রয় নীতি) ইত্যাদির জন্য তাঁকে কোন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয়নি।
৩. বর্ণিত পরিচালক গ্রামীণ ব্যাংকের বোর্ড সভায় আলোচিত গুরুত্বপূর্ণ কোন বিষয় তিনি স্মরণ করতে পারেন নি। অথবা বোর্ড সভায় বিভিন্ন সময়ে অনুষ্ঠিত আলোচনায় তার অবদান সম্পর্কে উল্লেখযোগ্য কোন বক্তব্য স্মরণ করতে পারেন নি।
৪. গ্রামীণ ব্যাংকের বোর্ডে যে সকল বিষয় আলোচিত হয় অথবা শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষিত হচ্ছে কিনা বা গ্রামীণ ব্যাংকের অধ্যাদেশ লংঘন হচ্ছে কিনা সে বিষয়ে কার্যকর অবদান রাখা তার পক্ষে সম্ভব নয় মর্মে প্রতীয়মান হয়।

৯.০৩. মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক নিজস্ব সার্কুলারের পরিপালন :

- মানি লন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত হিসাব সার্কুলার নং : ২-০১/২০০৩, তারিখ ১৭-০২-২০০৩ যথাযথভাবে অনুসরণ করার জন্য শাখাকে পরামর্শ দেয়া হলেও তার কোন পরিপালন শাখায় লক্ষ্য করা যায়নি।
- হিসাব খোলার সময় অসদস্য আমানতকারীদের ট্রানজেকসন প্রোফাইল এবং কেওয়াইসি সংরক্ষণ করা হয়না।

দৃষ্টান্ত স্বরূপ নিম্নলিখিত হিসাবসমূহ উল্লেখ করা হলো :

হিসাবধারীর নাম	হিসাব নম্বর	ব্যালাঞ্জ	মন্তব্য
মাসুদা আক্তার	১০০৬৭০	৯,০০,০৬৭	ট্রানজেকসন প্রোফাইল, কেওয়াইসি, আয়ের উৎস উল্লেখ নেই।
মোঃ আব্দুল ওয়াদুদ	১০০৬৬৬	৬,৭৪,৪১৭	“
আমিনুল ইসলাম	১০০৩০০	৫,৩০,০০০	“
ওয়াজেদ আলী সরকার	১০০০৩০	৭,৪৪,৫৬৯	“
মিসেস হাসনা	১০০১৪৫	৬,১৪,০৮৮	“
আতাউল্লাহ মাস্টার	১০০১৬২	১১,৩৫,৪৭১	“
আতাউর রহমান	১০০১৯৭	১৫,০৭,০৭৩	“
নুরুল্লাহ	১০০৩১৫	৯,১৩,১৮২	“
রোকসানা	১০০৩৮৫	৭৯২,৯৫৯	“
ফজিলা	১০০৪০০	৭,৪১,০০৭	“

৯.০৪. ভাওয়াল মির্জাপুর শাখায় অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ (যোনাল অডিট অফিস) কর্তৃক উদঘাটিত গুরুত্বপূর্ণ অনিয়মসমূহ :

- ৫৬ জন সদস্যর মাঝে সহজ/বিশেষ বিনিয়োগ ঋণ বাবদ ১৯.১০ লক্ষ টাকা বিতরণ করে বিতরণের টাকা থেকে একই দিনে ৮.৪৩ লক্ষ টাকা সমন্বয় করা হয়েছে।
- ৪৩ জন সদস্যকে না জানিয়ে তাদের আমানত দ্বারা ঋণ সমন্বয় করা হয়েছে।
- ৬৭৮ জন সহজ ঋণীর ২৩/২৬ সপ্তাহ উত্তীর্ণ হলে তাদেরকে ঋণ বিতরণ করা হয়নি।
- ১২৯ জন সদস্যর নামে শেয়ার ক্রয় না করেই তাদেরকে ৩৮৭০/- টাকা লভ্যাংশ প্রদান করা হয়েছে।
- ০৩ জন মৃত সদস্য ও ০১ জন সদস্যর স্বামীর মৃত্যুর ৪৫ দিন অতিবাহিত হলেও তাদেরকে বীমা কভারেজ দেয়া হয়নি এবং ০১জন মৃত সদস্যর আপদকালীন অনুদান প্রদান করা হয়নি।
- কোন প্রকার ঋণ না নিয়ে শুধুমাত্র সঞ্চয় ও জিপিএস চালিয়ে সদস্যপদে বহাল আছে এমন সদস্য সংখ্যা ২৩২ জন।

১০.০০. বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদন পরিপালন**১০.০১. বাংলাদেশ ব্যাংক কর্তৃক গ্রামীণ ব্যাংক পরিদর্শনের নীতিমালা (TOR) :**

সরকার কর্তৃক গ্রামীণ ব্যাংকের ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৪ ধারা প্রযোজ্য করায় বাংলাদেশ ব্যাংক নিয়মিতভাবে গ্রামীণ ব্যাংকের উপর সরেজমিন পরিদর্শন পরিচালনা করে আসছে। তবে অন্যান্য বাণিজ্যিক ব্যাংকের তুলনায় গ্রামীণ ব্যাংক পরিদর্শন নীতিমালা (TOR) স্বতন্ত্র ও সংক্ষিপ্ত। বর্তমানে অনুসৃতব্য নীতিমালায় গ্রামীণ ব্যাংকের পরিদর্শন নিম্নের পাঁচটি বিষয়ে সীমাবদ্ধ রাখা হয়েছে:

১. দায়-সম্পদ : দায়-সম্পদ ব্যবস্থাপনা পর্যালোচনা; ঋণ আমানত অনুপাত এবং মধ্য মেয়াদী ফান্ড অনুপাতের বিষয়গুলো গ্রামীণ ব্যাংকের নীতি ও কার্যক্রমের সাথে সামঞ্জস্যতা পর্যবেক্ষণ; ম্যাচুরিটি প্রোফাইল মিসম্যাচ পর্যবেক্ষণ এবং গ্রামীণ ব্যাংকের সুদের হার পর্যবেক্ষণ।
২. স্থিতিপত্র : স্থিতিপত্র প্রস্তুতে গ্রামীণ ব্যাংকের নিজস্ব নিয়ম অনুসরণ পর্যবেক্ষণ।
৩. ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা : ঋণ বিতরণ, ঋণ শ্রেণীকরণ, অবলোপন, সংস্থান সংরক্ষণ ও কু-ঋণ সৃষ্টির ক্ষেত্রে গ্রামীণ ব্যাংকের নিজস্ব নিয়ম অনুসরণ করা হয় কিনা তা যাচাইকরণ; বড় ঋণ (১০.০০ লক্ষ টাকা ও তদুর্ধ্ব) বিতরণে গ্রামীণ ব্যাংকের নিজস্ব নিয়ম অনুসরণ করা হয় কিনা তা যাচাইকরণ এবং ব্যাংকের বিভিন্ন বিনিয়োগ অবস্থা পর্যালোচনা।
৪. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন : গ্রামীণ ব্যাংকের অর্ডিনেন্সে উল্লেখিত উদ্দেশ্যাবলী ও নিয়মাবলী যথাযথভাবে অনুসরণসহ গ্রামীণ ব্যাংকের নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হয় কিনা তা যাচাইকরণ।
৫. আইটি ব্যবস্থাপনা : আইটি ব্যবস্থাপনা পর্যালোচনা এবং ডাটা সংরক্ষণ পর্যালোচনা।

উল্লেখিত নীতিমালা অনুযায়ী গ্রামীণ ব্যাংকের সহযোগী প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম, পরিচালনা পর্যদের কার্যক্রমসহ বিভিন্ন বিষয় পরিদর্শনের আওতা বহির্ভূত ছিল।

১০.০২. বিগত পরিদর্শন প্রতিবেদন সমূহের পরিপালন

বাংলাদেশ ব্যাংক কর্তৃক সর্বশেষ ৩০ জুন, ২০১০ তারিখ ভিত্তিক পরিদর্শন পরিচালনা করা হয় যার প্রতিবেদন এখনও চূড়ান্ত হয়নি। ৩০ জুন, ২০০৯ তারিখ ভিত্তিক পরিদর্শন প্রতিবেদনে অসদস্য আমানতকারীদের হিসাব খোলার সময় KYC ও TP ফরম পূরণ না করা এবং আমানতকারীদের নিকট হতে কোন আবগারী শুল্ক কর্তন না করার বিষয়ে আপত্তি উত্থাপন করা হয়। উল্লেখিত আপত্তির বিপরীতে গ্রামীণ ব্যাংক কর্তৃক জবাব প্রদান করা হয় যে, বাংলাদেশ ব্যাংকের কোন নির্দেশনা না পাওয়ায় KYC ও TP ফরম পূরণ করা হয়নি এবং তফসিলি ব্যাংক না হওয়ায় আবগারী শুল্ক কর্তন করা হয়নি। বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক গ্রামীণ ব্যাংকের বক্তব্য গ্রহণ করা হয়। মূলতঃ ২০০৫ হতে বর্তমান নীতিমালা (TOR) অনুসৃত হচ্ছে; এ বছরগুলোর পরিদর্শন প্রতিবেদনসমূহ পর্যালোচনা করে উক্ত TOR এর আওতায় উল্লেখযোগ্য কোন অনিয়ম পরিলক্ষিত হয়নি।

৩০ জুন, ২০০৪ তারিখ ভিত্তিক পরিদর্শনে বৈদেশিক অনুদান ও সংগ্রহীত আমানত যথাযথ খাতে সুষ্ঠুভাবে বিনিয়োগ করে দারিদ্রতা দূরীকরণের মাধ্যমে দেশের আর্থ সামাজিক অবস্থা উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করার জন্য পরামর্শ দেয়া হয়। তবে বর্তমান বিশেষ অডিটও দরিদ্রদের কল্যাণে উক্ত তহবিল ব্যবহার বা ব্যবহারের উল্লেখযোগ্য কোন পরিকল্পনা পরিলক্ষিত হয়নি। ৩১ ডিসেম্বর, ২০০২ তারিখ ভিত্তিক পরিদর্শনে সুদের হার সহনীয় পর্যায়ে নিয়ে আসা, কু-ঋণ সংক্রান্ত তথ্যাদি ও প্রতারণা/জালজালিয়াতি/তহবিল তহরুপ ইত্যাদির তথ্যাদি ভবিষ্যতে রক্ষণাবেক্ষণ ও হিসাবায়ন করা এবং লভ্যাংশ প্রদানের ব্যাপারে মন্ত্রনালয়ের অনুমতি চাওয়ার জন্য পরামর্শ দেয়া হয়। এ বিষয়ে গ্রামীণ ব্যাংকের বক্তব্য/পরিপালন বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক গৃহীত হয়। ৩১ ডিসেম্বর, ২০০১ তারিখ ভিত্তিক পরিদর্শন প্রতিবেদনে এ মর্মে আপত্তি প্রদান করা হয় যে, গ্রামীণ ব্যাংক কর্তৃক সদস্যদের দুর্যোগ মোকাবেলা সহায়তার লক্ষ্যে বিভিন্ন ব্যাংকের নিকট ৪-৫% সুদে বন্ড ইস্যু করে অতিরিক্ত সুদ লাভের আশায় ঐ অর্থ ১০.৫০% হারে বিভিন্ন ব্যাংকে এফডিআর করা হয়েছে। গ্রামীণ ব্যাংক কর্তৃক বন্ড বিক্রয়/ ঋণ গ্রহণ করে অর্থ সংগ্রহ করে ঐ অর্থ বিভিন্ন ব্যাংকে এফডিআর করে বার্ষিক গড়ে

আনুমানিক ৪২.৭৫ কোটি টাকা লাভ করলেও আয়কর না দিয়ে সহযোগী প্রতিষ্ঠানের মাধ্যমে তা ব্যবসায় বিনিয়োগ করছে বলেও পরিদর্শন প্রতিবেদনে মন্তব্য করা হয় এবং উপরোক্ত বিষয়ে গ্রামীণ ব্যাংকের ব্যাখ্যা চাওয়া হয়। এ বিষয়ে গ্রামীণ ব্যাংক নতুন শাখা খোলা এবং পুরাতন শাখায় কর্মীপ্রতি সদস্য সংখ্যা বৃদ্ধির মাধ্যমে উক্ত অর্থ ব্যবহারের ব্যবস্থা গ্রহণ জোরদার করা হয়েছে মর্মে উল্লেখ করে। গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক প্রাইভেট লিঃ কোম্পানীর শেয়ারক্রয়/গ্যারান্টির মাধ্যমে লাভজনক ব্যবসা প্রতিষ্ঠানের মালিকানার বিষয়ে বৈধতা ও সংশ্লিষ্টতার বিষয়ে আইনগত ভিত্তি নেই বলে পরিদর্শন প্রতিবেদনে মন্তব্য করা হয় এবং এ বিষয়ে একজন আইন বিশেষজ্ঞের মতামত সংগ্রহের পরামর্শ দেয়া হয়েছিল।

বাংলাদেশ ব্যাংকের ৩১ ডিসেম্বর, ১৯৯৯ তারিখ ভিত্তিক পরিদর্শন প্রতিবেদনে বর্ণিত উল্লেখযোগ্য আপত্তিসমূহ এবং এর পরিপালন নিম্নে পর্যালোচনা করা হলো।

- দাতা সংস্থা হতে রিভলভিং ফান্ড হিসাবে প্রাপ্ত অনুদান ৩৪৭.১৯ কোটি টাকাসহ মোট ৩৯১.৪৪ কোটি টাকা গ্রামীণ ব্যাংক কোম্পানী আইনের আওতায় সৃষ্ট স্বতন্ত্র প্রতিষ্ঠান গ্রামীণ কল্যাণ এর নিকট এনডোমেন্ট ফান্ড হিসাবে ৩১/১২/১৯৯৬ ইং তারিখে স্থানান্তর করেছে এবং একই তারিখে সমুদয় অর্থ উক্ত কোম্পানীর নিকট হতে কর্তৃক হিসাবে গ্রহণ করেছে। ব্যাংকের সম্পদ অন্য একটি প্রতিষ্ঠানের নিকট স্থানান্তরের বিষয়টি গ্রামীণ ব্যাংক অধ্যাদেশ, ১৯৮৩ এর সাথে সঙ্গতিপূর্ণ নয় ;
- গ্রামীণ ব্যাংক প্রধান কার্যালয় ভবনের ৪২% নিজে ব্যবহার করে এবং বাকি অংশ সহযোগী প্রতিষ্ঠানের কাছে ভাড়া হিসাবে প্রদান করেছে যা গ্রামীণ ব্যাংক অধ্যাদেশ ১৯৮৩ এর ১৯ ও ২০ ধারার সাথে সামঞ্জস্যপূর্ণ নয় ;
- গ্রামীণ ব্যাংকের বর্তমান ব্যবস্থাপনা পরিচালককে প্রদত্ত ব্যাংকের ২৯/৮/১৯৯০ তারিখের গব/পক/১০২(বপ)/৯০-৪০৯৮ সংখ্যক পত্র অনুযায়ী তিনি ব্যাংকের একজিন নিয়মিত কর্মকর্তা হিসাবে বিবেচিত। গ্রামীণ ব্যাংকের চাকুরী বিধিমালার ৫০.০০ ধারা অনুযায়ী ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের অবসরের বয়সসীমা বৎসর। ২৩/৭/১৯৯৯ তারিখে অনুষ্ঠিত গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের ৫২তম সভায় ব্যাংকের প্রধান নির্বাহীর অবসর গ্রহণের তারিখ পূর্তি সম্পর্কে অবহিত করা হলে পর্ষদ সিদ্ধান্ত গ্রহণ করে যে, “ ৫২.৯.১ গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের ক্ষেত্রে পরিচালক মন্ডলী প্রফেসর মুহাম্মদ ইউনুসের নিয়োগপত্রে কোন বয়সসীমা নির্ধারণ করে দেয়নি। সিদ্ধান্ত গ্রহণ করা হলো যে, যতদিন পর্যন্ত পরিচালকমন্ডলী অন্য কোন সিদ্ধান্ত না নেবে ততদিন পর্যন্ত প্রফেসর মুহাম্মদ ইউনুস ব্যবস্থাপনা পরিচালক পদে বহাল থাকবেন।” গ্রামীণ ব্যাংক অধ্যাদেশ, ১৯৮৩ এর ১৪(১) ধারা অনুযায়ী এই ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ করা হয়নি ;

উপরোক্ত অনিষ্পত্তিকৃত অনুচ্ছেদের উপর গ্রামীণ ব্যাংকের জবাব প্রাপ্তির পর ১৩/১/২০০২ তারিখে গভর্নর মহোদয় ও ডেপুটি গভর্নর মহোদয় গ্রামীণ ব্যাংকের সাথে একটি সভা অনুষ্ঠান করে নিষ্পত্তিযোগ্য বিষয়াদি নিষ্পত্তি করতে এবং অর্থ মন্ত্রণালয়কে পূর্বাপর এ বিষয়ে অবহিত করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এর প্রেক্ষিতে ১৫/০১/২০০২ তারিখে অমীমাংসিত অনুচ্ছেদের উপর বাংলাদেশ ব্যাংকের ব্যাংক পরিদর্শন বিভাগ-২ এর মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ নং ০৪, ৫.৪(ক), ৫.৫(৫), ০৮ এবং ১৬.০ এর আপত্তি নিষ্পত্তি হয়েছে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া পরিদর্শন প্রতিবেদনের অনুচ্ছেদ নং ৫.৪(ঘ), ৫.৪(ঙ), ১৮.০ এবং ২১.২ এর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় যে, গ্রামীণ ব্যাংক যাচিত ডকুমেন্টসমূহের কপি সরবরাহ করলে আপত্তিসমূহ নিষ্পত্তি হয়েছে বলে ধরে নেয়া হবে। গ্রামীণ ব্যাংক ১৬/০১/২০০২ তারিখে ডকুমেন্টসহ পুনঃপরিপালন প্রেরণ করে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিপালন পর্যালোচনাপূর্বক ব্যাংকটির উপর পরবর্তী পরিদর্শনকালে কতিপয় বিষয় প্রয়োজনে রিভিউ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

১১.০০ বিবিধ

১১.০১. গ্রামীণ ব্যাংক ও স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠান

প্রাপ্ত তথ্য অনুযায়ী গ্রামীণ ব্যাংক বা এর ব্যবস্থাপনা পরিচালকের স্বার্থসংশ্লিষ্ট ৪৬টি বা তার বেশি প্রতিষ্ঠান রয়েছে। গ্রামীণ ব্যাংকের প্রত্যক্ষ ও পরোক্ষ আর্থিক সহায়তায় (ঋন, অনুদান অথবা মূলধন সহায়তা) গড়ে ওঠেছে ৩৬ টি প্রতিষ্ঠান (সংযোজনী-“ছ”)। এর মধ্যে ৩টি প্রতিষ্ঠান প্রত্যক্ষ আর্থিক সহায়তা নিয়ে গড়ে ওঠেছে : ১) গ্রামীণ কল্যান, ২) গ্রামীণ ফান্ড এবং ৩) গ্রামীণ ব্যবসা বিকাশ। এ ৩টি প্রতিষ্ঠানের আর্থিক সহায়তায় গড়ে ওঠেছে আরও ৩৩ টি প্রতিষ্ঠান। এসব প্রতিষ্ঠানের কিছু লাভজনক আবার কিছু অলাভজনক। এসব প্রতিষ্ঠানের অধিকাংশেরই চেয়ারম্যান গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ড. মুহাম্মদ ইউনুস। আবার আরও প্রায় ১০টি প্রতিষ্ঠান আছে যেগুলো সরাসরি গ্রামীণ ব্যাংকের আর্থিক সহায়তায় গঠিত না হলেও গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক চেয়ারম্যান অথবা পরিচালকের দায়িত্ব পালন করছেন (সংযোজনী-“জ”)।

গ্রামীণ ব্যাংকের সহায়তায় গড়ে ওঠা এসব প্রতিষ্ঠানের গঠন, প্রাথমিক মূলধন, ব্যবসায়িক কার্যক্রম ও আর্থিক বিবরণী সম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য অডিট টিম সংগ্রহ করতে পারেনি, কারণ এসব প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনের আওতার বাইরে। তবে গ্রামীণ ব্যাংক হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিম্নলিখিত মন্তব্য করা যেতে পারে:

- গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্স (সংশোধনী) ১৯৯০-এর ১৯ ধারায় গ্রামীণ ব্যাংকের কার্যাবলী সম্পর্কে সুস্পষ্টভাবে বলা আছে অপরদিকে ২০ ধারায় ১৯ ধারায় বর্ণিত কার্যাবলীর বাইরে অন্য কোন কার্যক্রম করতে পারবে না তাও সুস্পষ্টভাবে বলা হয়েছে। কিন্তু গ্রামীণ ব্যাংকের প্রত্যক্ষ এবং পরোক্ষ আর্থিক সহায়তায় কোম্পানি আইনে যেসব কোম্পানি(৩৬টি) গঠন করা হয়েছে (যেমন: গ্রামীণ ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ, গ্রামীণ নিটওয়ার লিঃ, গ্রামীণ ফেব্রিকস এন্ড ফ্যাশন লিঃ, গ্রামীণ টেলিকম, গ্রামীণ ফোন লিঃ) তা উক্ত অর্ডিন্যান্সের ১৯ ও ২০ ধারার সাথে সংগতিপূর্ণ নয় ;
- গ্রামীণ ব্যাংকের স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে এর যেসব আর্থিক লেনদেন এবং ব্যবসায়িক কার্যক্রম পরিচালিত হয় সেখানে “স্বার্থের দ্বন্দ্ব” তৈরি হওয়ার মতো অবস্থা বিদ্যমান। যেমন : গ্রামীণ ব্যাংক কর্তৃক ভূমিহীনদের প্রদত্ত ঋণের ওপর গ্যারান্টির বিপরীতে ৫% হারে সার্ভিস চার্জ প্রদান করা হতো গ্রামীণ ব্যবসা বিকাশকে (বর্তমানে মোট সুদ আয়ের ১% দেওয়া হয়)। গ্রামীণ ব্যবসা বিকাশ গ্রামীণ ব্যাংকের আর্থিক সহায়তায় সৃষ্ট একটি কোম্পানি যার চেয়ারম্যান গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক। এভাবে গ্রামীণ ব্যাংকের লাভের অংশ অন্য প্রতিষ্ঠানে সরিয়ে নেওয়া হচ্ছে।
- গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্স (সংশোধনী) ১৯৯০ এর ধারা ২২ অনুযায়ী বার্ষিক লাভ-ক্ষতি এবং স্থিতিপত্রসহ অন্যান্য বিবরণী প্রস্তুতিতে বাংলাদেশ ব্যাংকের সাধারণ নির্দেশনা মেনে চলতে গ্রামীণ ব্যাংক বাধ্য। কিন্তু, গ্রামীণ ব্যাংক এর বার্ষিক লাভ-ক্ষতি এবং স্থিতিপত্রসহ অন্যান্য বিবরণী প্রস্তুতিতে বাংলাদেশ ব্যাংকের সাধারণ নির্দেশনা অনুযায়ী ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ এর প্রথম তফসিলে বর্ণিত স্বার্থসংশ্লিষ্ট (৪৬টি) প্রতিষ্ঠান সম্পর্কে কোনো তথ্য নেই।

১১.০২. Dividend Equalization Fund হতে বরোয়ারস ইনভেস্টমেন্ট ট্রাস্ট-এ অর্থ স্থানান্তর

গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের ১৬ সেপ্টেম্বর, ২০০৮ তারিখে অনুষ্ঠিত ৮৪তম সভার সিদ্ধান্ত অনুযায়ী গ্রামীণ ব্যাংকের সদস্যদের পুঁজি বাজারে সম্পূর্ণ করে গ্রামীণ ফোনের শেয়ার ক্রয়ের লক্ষ্যে বরোয়ারস ইনভেস্টমেন্ট ট্রাস্ট গঠন করা হয়। প্রারম্ভিক পুঁজি হিসাবে গ্রামীণ ব্যাংক হতে ট্রাস্টকে ৫০ হাজার টাকা প্রদান করা হয়। পরবর্তীতে Pre-IPO Placement এর মাধ্যমে গ্রামীণ ফোনের শেয়ার ক্রয়ের লক্ষ্যে Dividend Equalization Fund হতে প্রথম দফায় ৬৯,০০,০৫,৬০০ টাকা এবং দ্বিতীয় দফায় ১০,১১,২৯,৯৫৪ টাকা, সর্বমোট ৭৯,১১,৩৫,৫৫৪ টাকা (টাকা উনআশি কোটি এগার লক্ষ পঁয়ত্রিশ হাজার পাঁচশত চুয়ান্ন) অনুদান হিসাবে বরোয়ারস ইনভেস্টমেন্ট ট্রাস্ট-এ স্থানান্তর করা হয়।

গ্রামীণ ব্যাংক অধ্যাদেশ এর ১৯(এইচ) ধারা অনুযায়ী গ্রামীণ ব্যাংক শুধুমাত্র ভূমিহীন জনসাধারণকে সেবা প্রদানের লক্ষ্যে গঠিত বিধিবদ্ধ সংস্থার শেষার ক্রয় করতে পারে (“the purchasing of shares of any body corporate, the objective of which is to provide services to landless persons...”)। তাই পাবলিক লিমিটেড কোম্পানীর শেষার ক্রয়ের উদ্দেশ্যে অর্থ স্থানান্তর গ্রামীণ ব্যাংক অধ্যাদেশে উল্লেখিত বিধানের সাথে সঙ্গতিপূর্ণ নয়।

অনুদান হিসাবে প্রদান করায় Dividend Equalization Fund হতে স্থানান্তরিত অর্থের বিপরীতে গ্রামীণ ব্যাংকে কোন সম্পদ সৃষ্টি করা হয়নি। বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড-২৪ অনুযায়ী গ্রামীণ ব্যাংকের আর্থিক বিবরণীতে এ সংক্রান্ত কোন disclosure ও প্রদান করা হয়নি। ফলশ্রুতিতে গ্রামীণ ব্যাংকের আর্থিক বিবরণী ব্যবহারকারীগণ ভবিষ্যতে ট্রাস্টের অস্তিত্ব সম্পর্কে অনবগত থাকবেন। এছাড়া গ্রামীণ ব্যাংকের আর্থিক বিবরণীও প্রতিষ্ঠানটির দায়-সম্পদের পরিপূর্ণ চিত্রের প্রতিফলন ঘটাতে সক্ষম হবে না।

Dividend Equalization Fund সৃষ্টির মূল উদ্দেশ্যই হলো বিভিন্ন বছরে প্রদেয় লভ্যাংশের সমতা বিধান করা এবং প্রতি বছর মুনাফা আবন্টনের মাধ্যমেই ফান্ডটির সৃষ্টি হয়। তাই শুধুমাত্র গ্রামীণ ব্যাংকের শেষারহোল্ডাররাই এ ফান্ডের সুবিধাভোগী হিসাবে বিবেচিত হবেন। কিন্তু ট্রাস্ট দলিলে ট্রাস্টের সুবিধাভোগী হিসাবে গ্রামীণ ব্যাংকের ঋণ গ্রহীতা এবং শেষারহোল্ডার উভয়কেই উল্লেখ করা হয়েছে। এতে গ্রামীণ ব্যাংকের শেষারহোল্ডারগণ ক্ষতিগ্রস্ত হবেন।

গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক প্রফেসর মুহাম্মদ ইউনুস বর্তমানে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করছেন। ট্রাস্টি দলিল অনুযায়ী একজন চেয়ারম্যানসহ মোট পাঁচজন ট্রাস্টির সমন্বয়ে ট্রাস্টি বোর্ড গঠিত হবে। গ্রামীণ ব্যাংকের কর্মী কিংবা গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের সদস্যদের মধ্য হতেই ট্রাস্টিগণ নির্বাচিত হবেন এবং কর্মীপদ বা পর্ষদ সদস্য পদের সমাপ্তির সাথে সাথেই ট্রাস্টি হিসাবেও তাঁর কার্যকালের সমাপ্তি ঘটবে। অন্যদিকে, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান সম্বন্ধে উল্লেখ করা হয়েছে যে, তিনি স্বেচ্ছায় অবসর গ্রহণ না করা পর্যন্ত এ পদে বহাল থাকবেন। অর্থাৎ গ্রামীণ ব্যাংকের কর্মী কিংবা গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের সদস্য পদ না থাকলেও চেয়ারম্যান তাঁর পদে বহাল থাকতে পারবেন। ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও অন্যান্য সদস্যদের ট্রাস্টি হিসাবে নির্বাচিত হওয়ার যোগ্যতা প্রসঙ্গে ট্রাস্টি দলিলে উল্লেখিত বিধান পরস্পর বিরোধী।

ট্রাস্টি দলিল অনুযায়ী ট্রাস্টি বোর্ডে ন্যূনতম একজন গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের ঋণ গ্রহীতা সদস্য থাকার বিধান থাকলেও বর্তমানে ট্রাস্টি বোর্ডে গ্রামীণ ব্যাংকের ঋণ গ্রহীতা সদস্য কোন পরিচালক নেই।

ট্রাস্টি দলিল অনুযায়ী প্রতি বছর ট্রাস্টি হিসাব নিরীক্ষাকরণের বিধান থাকলেও তা পরিপালন করা হয়নি। অত্র পরিদর্শন চলাকালীন ট্রাস্টি কর্তৃক নিরীক্ষক প্রতিষ্ঠান নিয়োগ করে ট্রাস্টি গঠনের শুরু হতে এ পর্যন্ত তিন বছরের (২০০৮, ২০০৯ ও ২০১০) নিরীক্ষা সম্পাদন করা হয়।

১১.০৩. নোবেল লরিয়েট ট্রাস্টিকে বিনা ভাড়ায় গ্রামীণ ব্যাংক ভবনের ফ্লোর ব্যবহারের অনুমোদন প্রদান

গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের ০৩ মে, ২০০৭ তারিখে অনুষ্ঠিত ৭৯তম সভায় নোবেল লরিয়েট হিসাবে প্রফেসর মুহাম্মদ ইউনুস এর কার্যক্রমে যাবতীয় সহায়তা প্রদান এবং তাঁর ব্যক্তিগত সেক্রেটারিয়েট পরিচালনার লক্ষ্যে নোবেল লরিয়েট ট্রাস্টি গঠন করা হয়। উক্ত সভায় নোবেল লরিয়েট ট্রাস্টিকে গ্রামীণ ব্যাংকের একটি ফ্লোর বিনা ভাড়ায় ব্যবহারের অনুমোদন দেয়া হয়। গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের ২৪ জুন, ২০০৮ তারিখে অনুষ্ঠিত ৮৩তম সভায় গ্রামীণ ব্যাংকের ২১তলা ভবনের ১৬তম ফ্লোর ২৫ বছরের জন্য নোবেল লরিয়েট ট্রাস্টি এর অনুকূলে নিঃশর্তভাবে লীজ দেয়ার অনুমোদন দিয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, নোবেল লরিয়েট ট্রাস্টি ইউনুস সেন্টারকে ২৪ বছর মেয়াদে উক্ত ফ্লোর ব্যবহারের সুযোগ দিতে পারবে। উল্লেখ্য, গ্রামীণ ব্যাংক ভবনের বিভিন্ন ফ্লোর প্রতি বর্গফুট মাসিক সর্বনিম্ন ২০.০০ টাকা হতে সর্বোচ্চ ৪০.০০ টাকা পর্যন্ত বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট ভাড়া দেয়া আছে। সে হিসাবে নোবেল লরিয়েট ট্রাস্টিকে ২৫ বছরের জন্য বিনা ভাড়ায় ১১,০০০ বর্গফুট বিশিষ্ট ১৬তম ফ্লোর বরাদ্দ দেয়ায় বর্তমান হিসাবে গ্রামীণ ব্যাংকের ক্ষতির পরিমাণ দাঁড়ায় সর্বনিম্ন ৬.৬০ কোটি টাকা (মাসিক প্রতি বর্গফুট ২০.০০ টাকা হারে) হতে ১৩.২০ কোটি টাকা (মাসিক প্রতি বর্গফুট ৪০.০০ টাকা হারে) পর্যন্ত। এছাড়া বিষয়টি

গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের স্বার্থ সংশ্লিষ্ট হলেও এ সংক্রান্ত কোন disclosure গ্রামীণ ব্যাংকের আর্থিক বিবরণীতে প্রদান করা হয়নি।

১১.০৪. বিধিবদ্ধ রিজার্ভ ফান্ড সৃষ্টি না করা

গ্রামীণ ব্যাংক অর্ডিন্যান্স ১৯৮৩ এর ২৫ ধারা অনুযায়ী মুনাফার একটি নির্দিষ্ট অংশের (ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারণযোগ্য) সমন্বয়ে একটি অবস্টনযোগ্য রিজার্ভ ফান্ড সৃষ্টির বাধ্যবাধকতা রয়েছে। গ্রামীণ ব্যাংক কর্তৃক উল্লেখিত রিজার্ভের স্থলে সাধারণ রিজার্ভ সৃষ্টি করা হয়েছে। সাধারণ রিজার্ভ যে কোন সময় বন্ডিত হওয়ার আশংকা থাকে। মূলতঃ প্রতিষ্ঠানের আর্থিক ভিত মজবুত রাখার লক্ষ্যেই অবস্টনযোগ্য রিজার্ভ সৃষ্টির বিধান রাখা হয়। বাংলাদেশে কার্যরত বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের ক্ষেত্রেও এ ধরনের রিজার্ভ সৃষ্টির বাধ্যবাধকতা রয়েছে। বিধিবদ্ধ রিজার্ভ সৃষ্টি না করায় অর্ডিন্যান্সের ২৫ ধারার বিধান লংঘিত হয়েছে।

১১.০৫. পুনর্বাসন তহবিল (Rehabilitation Fund)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যাংকিং অনুবিভাগ, শাখা-১০ এবং নীতি শাখা-৪ এর প্রজ্ঞাপন নং যথাক্রমে এস.আর ও নং ৯৩ আইন/২০০০ তারিখ ১৩/৪/২০০০ ও এস.আর ও নং ৯৩ আইন/২০০৩ তারিখ ০১/০২/২০০৩ প্রকাশিত গেজেটের মাধ্যমে গ্রামীণ ব্যাংক সরকারের কাছে অংগীকার করেছে যে, ০১/০১/৯৭ হতে ৩১/১২/২০০০ ইং ও ০১/০১/২০০১ হতে ৩১/১২/২০০৫ ইং তারিখ পর্যন্ত মেয়াদকালে গ্রামীণ ব্যাংকের আয়ের উপর আরোপনীয় আয়কর, সুপার ট্যাক্স ও ব্যবসায় মুনাফা কর প্রদান হতে অব্যাহতি দেয়া হয়েছে এই শর্তে যে, ব্যাংকটি পুনর্বাসন তহবিল নামক একটি তহবিল গঠন করে সমস্ত লভ্যাংশসহ উক্ত করের টাকা পুনর্বাসন তহবিলে জমা করে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত সদস্যদের পুনর্বাসন কাজে ব্যবহার করবে। সে মোতাবেক ৩১ ডিসেম্বর, ২০১০ তারিখ পর্যন্ত উক্ত তহবিলে মোট জমার পরিমাণ ২১৭.৮১ কোটি টাকা এবং উক্ত তারিখে মোট স্থিতির পরিমাণ ২০৪.১৫ কোটি টাকা। এ পর্যন্ত এ তহবিল হতে বিতরণকৃত মোট বিতরণের পরিমাণ ৪৯.৬৬ কোটি টাকা বা ২২.৮০%। বিভিন্ন খাতে পুনর্বাসন তহবিলের বিতরণ ও তার বিপরীতে আদায়ের চিত্র নিম্নে প্রদর্শন করা হল :

(লক্ষ টাকায়)

ক্রমিক	বিবরণ	বিতরণ	আদায়	আদায়যোগ্য
১	গৃহ পুনর্বাসন	৩৫৮২.৬৬	৩১৫৩.০২	৪২৯.৬৫
২	খাবার স্যালাইন	৮.২৮	৩.৭২	৪.৫৬
৩	ফিটকিরি	০.৩৯	০.২৩	০.১৬
৪	পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট	০.১১	০.০৪	০.০৭
৫	অনুদান ও ত্রান	৬৮২.৪১	--	--
৬	নৌকা ভাড়া	২৩.৬৫	--	--
৭	জরুরী খাদ্য	৬৫৮.৯৭	৪০৪.৬৪	২৫৪.৩৩
৮	জরুরী স্বাস্থ্য সেবা	৯.৮৯	--	৯.৮৯
	মোট	৪৯৬৬.৩৮	৩৫৬১.৬৪	৬৯৮.৬৭

পুনর্বাসন তহবিলের বছর ওয়ারী ব্যবহার:

(লক্ষ টাকায়)

বছর	১৯৯৯	২০০০	২০০১	২০০২	২০০৩	২০০৪	২০০৫	২০০৬	২০০৭	২০০৮	২০০৯	২০১০
পুনর্বাসন তহবিলের ব্যবহার	০.০০	০.০০	০.৩০	০.০০	১.০০	১৬৭২.৭৮	২৬.২২	৬২.৭৬	১৩১৪.৫৭	১৬৬৬.০৮	২১২.২৪	১০.৪২

৩১ ডিসেম্বর, ২০০৫ পর্যন্ত পুনর্বাসন তহবিল হতে গৃহ পুনর্বাসন খাতে বিতরণকৃত ঋণের উপর ৮% হারে সুদারোপ করা হতো। আদায়কৃত সুদের ৪% পুনর্বাসন খাতে ও ৪% শাখার আয় হিসাবে নেয়া হতো। পরবর্তী ২০০৬ সাল এর পর বিনা সুদে গৃহ পুনর্বাসন খাতে ঋণ বিতরণ করা হচ্ছে।

মন্তব্য :

১. তহবিল গঠনের পর ১৯৯৯ হতে ২০০৩ পর্যন্ত ৫ বৎসরে বিতরণের পরিমাণ ১.৩০ লক্ষ টাকা। ১৯৯৮ প্রলংকরী বন্যার পরও ক্ষতিগ্রস্তদের মাঝে এই তহবিল হতে বিতরণ খুবই অপ্রতুল এবং সরকারের উদ্দেশ্য সফল হয়নি।
২. প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মাঝে মোট বিতরণকৃত ঋণের ৭২% গৃহ পুনর্বাসন খাতে বিতরণ করা হয়েছে এবং এর মধ্যে ৮৮% আদায় করা হয়েছে। বিতরণকৃত তহবিলের ১৪% অনুদান ও ত্রান হিসাবে বিতরণ করা হয়েছে। সুতরাং প্রতীয়মান হয় যে, প্রকৃত ক্ষতিগ্রস্তদের মাঝে পূর্ণাঙ্গভাবে এই তহবিল বিতরণ করা হয়নি।
৩. অনুদান ও ত্রান ব্যতীত অন্যান্য সাহায্য সুদিনে ফেরতযোগ্য শর্তে বিতরণ করা হয়েছে। খাবার স্যালাইন, ফিটকিরি ও পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট বাবদ ৮.৭৮ লক্ষ টাকা বিতরণ করে ৩.৯৯ লক্ষ টাকা আদায় করা হয়েছে।
৪. বিগত বছরগুলোতে দেশে ভয়াবহ বন্যা, সিডর ও আইলার মত মারাত্মক প্রাকৃতিক দুর্যোগ সংঘটিত হলেও গত ১১ বছরে মোট তহবিলের ২৮% বিতরণ করা হয়েছে।

সার্বিক বিবেচনায় পুনর্বাসন তহবিলে সঠিক ও পর্যাপ্ত ব্যবহার হয়নি বলে পরিদর্শনদলের কাছে প্রতীয়মান হয়েছে।

১২. উপসংহার

সার্বিক অবস্থা পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা কাঠামো সুদৃঢ় নয়। বিভিন্ন বিষয়ে সুনির্দিষ্ট নীতিমালা থাকলেও তার যথাযথ প্রয়োগ নেই। কোন কোন ক্ষেত্রে গ্রামীণ ব্যাংক অধ্যাদেশেরও ব্যত্যয় ঘটানো হয়েছে। বিভিন্ন সহযোগী প্রতিষ্ঠান গঠন, তহবিল স্থানান্তর ও প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনায় অংশগ্রহণ বিষয়ে স্বচ্ছতার অভাব রয়েছে। ১৯৮৬ সালে আনীত সংশোধনী অনুযায়ী পরিচালনা পর্ষদ কাঠামো পরিবর্তিত হওয়ায় পরিচালনা পর্ষদের সামগ্রিক দক্ষতা ও অভিজ্ঞতা বহুলাংশে হ্রাস পেয়েছে। ১৯৯০ সালে আনীত বিভিন্ন সংশোধনী অনুযায়ী সরকারী নিয়ন্ত্রণও অনেকাংশে খর্ব হয়েছে। ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর শুধুমাত্র পরিদর্শন (ধারা ৪৪)ও নির্দেশ প্রদানের ধারা (ধারা ৪৫) ব্যতীত অন্যান্য ধারার প্রয়োগযোগ্যতা না থাকায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক গ্রামীণ ব্যাংক-কে বিভিন্ন সুনির্দিষ্ট বিষয়ে নির্দেশনা প্রদানের এখতিয়ার নেই। বাংলাদেশ ব্যাংক ব্যতীত অন্য কোন রেগুলেটরি সংস্থার নিকটও গ্রামীণ ব্যাংকের জবাবদিহিতা নেই। এতে ব্যাংকটির সার্বিক কার্যক্রম যথাযথ সুপারভিশন/নজরদারীর আওতা বহির্ভূত থেকে যাচ্ছে।

(মাহমুদুন নবী)
উপ-পরিচালক

(মোঃ মনির উজ্জামান)
উপ-পরিচালক

(প্রশান্ত কুমার মন্ডল)
সহকারী পরিচালক

(মোঃ আসাদুজ্জামান খান)
উপ-পরিচালক

(মোঃ জুলকার নায়েন)
যুগ্ম-পরিচালক

The Grameen Bank Ordinance, 1983	The Grameen Bank (Amendment) Ordinance, 1986	The Grameen Bank (Amendment) Ordinance, 1990
<p>Section-7</p> <p>Paid-up share capital.-(1) The initial paid-up share capital of the Bank shall be taka three crore which shall be subscribed as follows :-</p> <p>60% by the Government or by any organization or body set up, managed or controlled by the Government, as may be determined by it; and</p> <p>40% by borrowers of the Bank of which 20% preferably by women borrowers.</p> <p>(2) The Government may increase the paid-up share capital of the Bank from time to time</p> <p>(3) Share held by a borrower may be transferred to another borrower of this class.</p>	<p>Paid-up share capital.-(1) The initial paid-up share capital of the Bank shall be taka seven crore and twenty lac which shall be subscribed as follows :-</p> <p>25% by the Government or by any organization or body set up, managed or controlled by the Government, as may be determined by it; and</p> <p>75% by borrowers of the Bank</p> <p>(2) The Government may increase the paid-up share capital of the Bank from time to time</p> <p>(3) Share held by a borrower may be transferred to another borrower of this class.</p>	
<p>Section-8</p> <p>(2) The Bank, discharging its functions, shall act prudently with due regard to the public interest and shall be guided on questions of policy by the instructions given by the Government, which shall be the sole judge as to whether a question is a question of policy or not.</p>		<p>(2) The Bank, discharging its functions, shall act prudently with due regard to the public interest.</p>
<p>Section-9</p> <p>Board.-(1) The Board of Directors of the Bank shall consist of the following Directors :-</p> <p>the Chairman;</p> <p>the Managing Director;</p> <p>three persons, at least two of whom shall be in the service of the Republic, to be appointed by the Government;</p> <p>one woman having experience in working with landless persons to be appointed by the Government;</p> <p>two persons from amongst the Managing Directors of the new bank and the Bangladesh Krishi Bank to be appointed by the Government;</p> <p>four persons preferably including two women, to be elected by the borrower-shareholders in the prescribed manner :</p> <p>Provided that, for the initial period of two years, these four Director shall be appointed by the Government from amongst the borrower-shareholders.</p>	<p>Board.-(1) The Board of Directors of the Bank shall consist of the following Directors, namely :-</p> <p>the Managing Director;</p> <p>three persons to be appointed by the Government;</p> <p>nine persons to be elected by the borrower-shareholder in the prescribed manner.</p>	<p>Board.-(1) The Board of Directors of the Bank shall consist of the following Directors, namely :-</p> <p>three persons to be appointed by the Government;</p> <p>nine persons to be elected by the borrower-shareholders in the manner prescribed by the rules.</p> <p>(2) Notwithstanding anything contained in sub-section (1), the Managing Director shall be an ex-officio Director of the Board, but he shall have no right to vote.</p>

<p>Section-10 Chairman.-(1) The Government shall appoint one of the Director other than the Managing Director, to be the Chairman of the board. (2) if a vacancy occurs in the office of the Chairman or if the Chairman is unable to discharge the functions of his office on account of absence, illness or any other cause, the Government may authorize any other director, other than the Managing Director, to discharge the functions of the Chairman during the period for which he is so unable.</p>	<p>Chairman.-(1) The Government shall appoint one of the appointed Directors other than the Managing Director, to be the Chairman of the board.</p>	<p>Chairman.-(1) There shall be a Chairman of the Board who shall be appointed by the Government from amongst the appointed Directors.</p>
<p>Section-14 Managing Director.- (1)There shall be a Managing Director of the Bank who shall be appointed by the Government (2)The Managing Director Shall be the Chief Executive of the Bank.</p>		<p>Section-14 Managing Director.- (1) There shall be a Managing Director of the Bank who shall be appointed by the Board with the prior approval of the Bangladesh Bank. (2) The Board shall constitute a Selection Committee consisting of not less than three and not more than five members for the purpose of selecting a candidate for appointment as Managing Director. (3) In selecting a candidate for appointment as Managing Director preference shall be given to persons having knowledge and experience in rural economy or in the field of grameen banking business. (4) The Managing Director shall be whole-time officer and the chief executive of the Bank and shall serve under the Bank on such terms and conditions as may be prescribed by regulations. (5) If a vacancy occurs in the office of the Managing Director or if the Managing Director is unable to discharge the functions of his office on account of absence, illness or any other cause, such officer of the Bank as may be prescribed by regulations shall discharge the functions of the Managing Director until a new Managing Director appointed to fill such vacancy enters upon his office or until the Managing Director resumes the functions of his office, as the case may be.</p>

<p>Section- 15 Functions of Directors.- The Chairman, Managing Director, and other Directors shall exercise such powers, perform such functions and discharge such duties as may prescribed or assigned to them by the Board.</p>		<p>Section- 15 Functions of Directors.- The Chairman, Managing Director, and other Directors shall exercise such powers, perform such functions and discharge such duties as may prescribed by regulations or assigned to them by the Board.</p>
<p>Section-16 Resignation.- The Chairman, Managing Director or any other Director may, at any time, resign his office by notice in writing addressed to the Government. Provided that no resignation shall take effect until it has been accepted by the Government.</p>		<p>Section-16 Resignation.- The Chairman or an appointed Director may resign his office by writing under his hand addressed to the Government, and Managing Director or any other Director may resign his office by writing under his hand addressed to the Chairman : Provided that no resignation shall take effect until it has been accepted by the Government or, as the case may be, the Chairman.</p>
<p>Section-19 Functions.- e) participation in the management, control and supervision of any rural organization, enterprise or scheme for the benefit and advancement of landless persons without financial investment; f) with the approval of the Government the buying, stocking and supplying on credit to landless persons of industrial and agricultural inputs, livestock, machinery, implements and equipments and industrial raw materials and acting as agent for any organization for the sale of such goods and livestock; g) with the approval of the Government the subscribing to the debentures, being debentures repayable within a prior not exceeding ten years, of anybody corporate concern with economic activities in rural areas; h) with the approval of the Government, the purchasing of shares of any body corporate, the object of which is to provide services to landless persons; n) encouraging investments in such cottage industries as may be prescribed and service projects by landless persons;</p>		<p>Section-19 Functions.- e) undertaking the management, control and supervision of any rural organization, enterprise or scheme for the benefit and advancement of landless persons; f) the buying, stocking and supplying on credit to landless persons of industrial and agricultural inputs, livestock, machinery, implements and equipments and industrial raw materials and acting as agent for any organization for the sale of such goods and livestock. g) the subscribing to the debentures, being debentures repayable within a prior not exceeding ten years, of anybody corporate concern with economic activities in rural areas. h) the purchasing of shares of any body corporate, the object of which is to provide services to landless persons n) encouraging investments in such cottage industries as may be prescribed and service projects by landless persons;</p>

<p>p) with the approval of the Government, constituting, promoting, issuing, organizing, managing and administering Mutual Funds or Unit Trusts of any type of character and acquiring, holding, dealing, selling, paying or disposing of or dealing in shares certificates or securities of such Farms or Trusts;</p>		<p>(nn) undertaking income-generating projects for landless persons; p) constituting, promoting, issuing, organizing, managing and administering Mutual Funds or Unit Trusts of any type of character and acquiring, holding, dealing, selling, paying or disposing of or dealing in shares certificates or securities of such Farms or Trusts.</p>
<p>Section-22 Accounts.- The Bank shall maintain proper accounts and prepare annual statements of accounts, including the profit and loss account and balance sheet and shall comply in respect of such accounts with such general directions as may be issued by the Government and the Bangladesh Bank from time to time.</p>		<p>Section-22 Accounts.- The Bank shall maintain proper accounts and prepare annual statements of accounts, including the profit and loss account and balance sheet and shall comply in respect of such accounts with such general directions as may be issued by the Bangladesh Bank from time to time.</p>
<p>Section-23 Audit.- (1) The accounts of the Bank shall be audited by not less than two auditors being chartered accountants within the meaning of the Bangladesh Chartered Accountants Order, 1973 (P.P. NO. 2 of 1973), who shall be appointed by the Government.</p> <p>(2) Every auditor appointed under sub-section (1) shall be given a copy of the annual balance sheet and other accounts of the Bank and shall examine it together with the accounts and vouchers relating thereto, and shall have a list delivered to him of all books kept by the Bank, and shall at all reasonable times have access to the books of accounts and documents of the Banks, and may, in relation to such accounts, examine any Director of officer of the Bank.</p> <p>(3) The auditors shall report to the Government upon the annual balance sheet and accounts, and in their report they shall state whether, in their opinion, the balance sheet contains all necessary particulars and is properly drawn up so as to exhibit a true and correct view of the state of affairs of the Bank and, in case they have called for any explanation or information from the Board, whether it has been given and whether it is satisfactory.</p>		<p>Section-23 Audit.- (1) The accounts of the Bank shall be audited by not less than two auditors being chartered accountants within the meaning of the Bangladesh Chartered Accountants Order, 1973 (P.P. NO. 2 of 1973).</p> <p>(2) Every auditor appointed under sub-section (1) shall be given a copy of the annual balance sheet and other accounts of the Bank and shall examine it together with the accounts and vouchers relating thereto, and shall have a list delivered to him of all books kept by the Bank, and shall at all reasonable times have access to the books of accounts and documents of the Banks, and may, in relation to such accounts, examine any Director of officer of the Bank.</p> <p>(3) The auditors shall report to the Board upon the annual balance sheet and accounts, and in their report they shall state whether, in their opinion, the balance sheet contains all necessary particulars and is properly drawn up so as to exhibit a true and correct view of the state of affairs of the Bank and, in case they have called for any explanation or information from the</p>

<p>(4) The Government may, at any time, issue directions to the auditors requiring them to report to it upon the adequacy of measures taken by the Bank for the protection of the interest of the Government and of the creditors of the Bank or upon the sufficiency of the procedure in auditing the affairs of the Bank, and may, at any time, enlarge or extend the scope of the audit or direct that different procedure in audit shall be adopted or that any other examination shall be made by auditors or any other person or persons, if in its opinion, the interest of the Government so requires.</p>		<p>Bank, whether it has been given and whether it is satisfactory.</p> <p>(4) The Board may, at any time, issue directions to the auditors requiring them to report to it upon the adequacy of measures taken by the Bank for the protection of the interest of the shareholders and of the creditors of the Bank or upon the sufficiency of the procedure in auditing the affairs of the Bank, and may, at any time, enlarge or extend the scope of the audit or direct that different procedure in audit shall be adopted or that any other examination shall be made by auditors or any other person or persons, if in its opinion, the interest of the Bank so requires.</p>
<p>Section-24 Returns.-(1) The Bank shall furnish to the Government such returns, reports and statements as the Government may from time to time require (2) The Bank shall, within three months after the end of every financial year, furnish to the Government a statement of accounts audited by the auditors under section 23 together with an annual report on the working of the Bank during the year. (3) the copies of the audited accounts and annual report received by the Government under sub-section (2) shall be published in the official Gazette and shall be laid before Parliament.</p>		<p>Section-24 Returns.-(1) The Bank shall furnish to the Government such returns, reports and statements as the Government may from time to time require (2) The Bank shall, within three months after the end of every financial year, furnish to the Government a statement of accounts audited by the auditors under section 23 together with an annual report on the working of the Bank during the year. (3) Deleted.</p>
<p>Section-27 Appointment of officers and other employees.- The Bank may appoint such persons as it considers necessary for the efficient performance of functions on such terms and conditions as may be prescribed : Provided that in making such appointment, the persons who served under the Grameen Bank Project mentioned in section 37 shall be given preference if they are otherwise eligible for appointment.</p>		<p>Section-27 Appointment of officers and other employees.- The Bank may appoint such persons as it considers necessary for the efficient performance of functions on such terms and conditions as may be prescribed by regulations: Provided that in making such appointment, the persons who served under the Grameen Bank Project mentioned in section 37 shall be given preference if they are otherwise eligible for appointment.</p>

<p>Section-35 Power to make rules.- Te Government may, by notification in official Gazette, make rules for the purpose of giving effect to the provisions of the Ordinance.</p>		<p>Section-35 Power to make rules.- Te Government may, by notification in official Gazette, make rules for holding elections of the Directors under clause (b) of sub-section (1) of section 9.</p>
<p>Section-36 Power to make regulations.- (1) The Board may, with previous approval of the Government, make regulations, not inconsistent with the provisions of the Ordinance and the rules, to provide all matters for which provisions is necessary or expedient for the purpose of giving effect to the provisions of the Ordinance and efficient conduct of the affairs of the Bank. (2) All regulations made under this section shall be published in the official Gazette and shall come into force upon such publication.</p>		<p>Section-36 Power to make regulations.- (1) The Board may, make regulations, not inconsistent with the provisions of the Ordinance and the rules, to provide all matters for which provisions is necessary or expedient for the purpose of giving effect to the provisions of the Ordinance and efficient conduct of the affairs of the Bank. (2) All regulations made under this section shall be published in the official Gazette and shall come into force upon such publication.</p>

১৯৮৩ সাল হতে ২০১০ সাল পর্যন্ত নিম্নের ছকে তথ্য।

বছর	মোট মূলধন	বাংলাদেশ সরকার এবং সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক ধারণকৃত শেয়ার মূলধন।	ঋণ গ্রহীতা শেয়ারহোল্ডার কর্তৃক ধারণকৃত শেয়ার মূলধন।	বাংলাদেশ সরকারের অনুমোদন পত্রের স্মারক নম্বর ও তারিখ (যদি থাকে)
১৯৮৩	১,৮০,০০,০০০.০০	১,৮০,০০,০০০.০০	-	Ordinance No. XLVI of 1983 Dated 04.09.83
১৯৮৪	২,৫১,৭৫,০০০.০০	১,৮০,০০,০০০.০০	৭১,৭৫,০০০.০০	Do
১৯৮৫	৩,০০,০০,০০০.০০	১,৮০,০০,০০০.০০	১,২০,০০,০০০.০০	Do
১৯৮৬	৩,৫৪,৬৬,৫০০.০০	১,৮০,০০,০০০.০০	১,৭৪,৬৬,৫০০.০০	Amendment No. LI of 1986 Dated 08.07.86
১৯৮৭	৪,২১,০৩,০০০.০০	১,৮০,০০,০০০.০০	২,৪১,০৩,০০০.০০	Do
১৯৮৮	৫,৬৯,২৩,০০০.০০	১,৮০,০০,০০০.০০	৩,৮৯,২৩,০০০.০০	Do
১৯৮৯	৭,১৯,৯১,০০০.০০	১,৮০,০০,০০০.০০	৫,৩৯,৯১,০০০.০০	Do
১৯৯০	৭,২০,০০,০০০.০০	১,৮০,০০,০০০.০০	৫,৪০,০০,০০০.০০	Do
১৯৯১	১১,৪৩,৬৩,৫০০.০০	১,৮০,০০,০০০.০০	৯,৬৩,৬৩,৫০০.০০	নং-অম/অবি/বিকে-৩/৬৯/৮৪(অংশ- ১)/৪৮ তারিখঃ ২-৩-৯১ইং
১৯৯২	১৪,৯৪,৫১,৫০০.০০	১,৮০,০০,০০০.০০	১৩,১৪,৫১,৫০০.০০	Do
১৯৯৩	১৫,০০,০০,০০০.০০	১,৮০,০০,০০০.০০	১৩,২০,০০,০০০.০০	Do
১৯৯৪	২১,৬৫,১৬,৫০০.০০	১,৮০,০০,০০০.০০	১৯,৮৫,১৬,৫০০.০০	Do
১৯৯৫	২২,৭০,১২,৫০০.০০	১,৮০,০০,০০০.০০	২০,৯০,১২,৫০০.০০	নং-অম/ব্যাবি/নীতিমালা-৫/গ্রামীণ ব্যাংক- ২৯/৯৩-১৩০(২) তারিখ- ২৯/১২/৯৪ইং
১৯৯৬	২৩,১৯,৪৯,০০০.০০	১,৮০,০০,০০০.০০	২১,৩৯,৪৯,০০০.০০	Do
১৯৯৭	২৪,৫৮,৭৭,০০০.০০	১,৮০,০০,০০০.০০	২২,৭৮,৭৭,০০০.০০	Do
১৯৯৮	২৫,৮০,৮৪,৭০০.০০	১,৮০,০০,০০০.০০	২৪,০০,৮৪,৭০০.০০	Do
১৯৯৯	২৬,৪৫,৬৫,৫০০.০০	১,৮০,০০,০০০.০০	২৪,৬৫,৬৫,৫০০.০০	Do
২০০০	২৬,৯৫,১৭,৪০০.০০	১,৮০,০০,০০০.০০	২৫,১৫,১৭,৪০০.০০	Do
২০০১	২৭,২২,১৩,৬০০.০০	১,৮০,০০,০০০.০০	২৫,৪২,১৩,৬০০.০০	Do
২০০২	২৭,৫৯,৮৮,২০০.০০	১,৮০,০০,০০০.০০	২৫,৭৯,৮৮,২০০.০০	Do
২০০৩	২৯,১০,২৮,৯০০.০০	১,৮০,০০,০০০.০০	২৭,৩০,২৮,৯০০.০০	Do
২০০৪	৩১,৮০,০০,০০০.০০	১,৮০,০০,০০০.০০	৩০,০০,০০,০০০.০০	Do
২০০৫	৩১,৮০,০০,০০০.০০	১,৮০,০০,০০০.০০	৩০,০০,০০,০০০.০০	Do
২০০৬	৩১,৮০,০০,০০০.০০	১,৮০,০০,০০০.০০	৩০,০০,০০,০০০.০০	Do
২০০৭	৩১,৮০,০০,০০০.০০	১,৮০,০০,০০০.০০	৩০,০০,০০,০০০.০০	Do
২০০৮	৩৫,৮০,০০,০০০.০০	১,৮০,০০,০০০.০০	৩৪,০০,০০,০০০.০০	অর্থ মন্ত্রণালয়ের সূত্র নং-অম/অবি/ব্যঃ ও অঃপ্র/নীঃশাঃ-১/১(১৮)/৯৭/অংশ-১/২২০ তারিখ ৩১/১২/২০০৮
২০০৯	৫২,৩৯,৪৯,৩০০.০০	১,৮০,০০,০০০.০০	৫০,৫৯,৪৯,৩০০.০০	Do
২০১০	৫৪,৭৬,৮৯,২০০.০০	১,৮০,০০,০০০.০০	৫২,৯৬,৮৯,২০০.০০	Do



১৯৮৩ হতে ২০১০ পর্যন্ত গ্রামীণ ব্যাংক পরিচালকমণ্ডলীর সরকার কর্তৃক মনোনীত
পরিচালকগণের তালিকা (চেয়ারম্যানসহ)

বছর (১৯৮৩ হতে ২০১০ পর্যন্ত)	পরিচালকগণের নাম ও ঠিকানা	সরকার মনোনীত পরিচালকদের পদবী/বাণ গ্রহিত পরিচালকদের শিক্ষাগত যোগ্যতা	যুক্তব্য
১৯৮৩	অধ্যাপক ইকবাল মাহমুদ প্রকৌশল বিশ্ববিদ্যালয়	অধ্যাপক	চেয়ারম্যান
	জনাব মোহাম্মদ ফয়জুর রাজ্জাক যুগ্মসচিব	যুগ্মসচিব	পরিচালক
	বেগম তাহেরুন্নেসা আবদুল্লাহ		ঐ
	ডঃ এ, এস, এ রহিম ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক	ব্যবস্থাপনা পরিচালক	ঐ
	জনাব শূৎফর রহমান সরকার ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক	ব্যবস্থাপনা পরিচালক	ঐ
	জনাব নজরুল ইসলাম যুগ্ম সচিব	যুগ্ম সচিব	ঐ
	১৯৮৪	জনাব এম, এ হান্নান যুগ্মসচিব	যুগ্ম সচিব
১৯৮৫	জনাব মোঃ আশরাফুল হক ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক	ব্যবস্থাপনা পরিচালক	ঐ
১৯৮৬	এস, এম, আল হুসাইনী ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক	ব্যবস্থাপনা পরিচালক	ঐ
	ডঃ এ, এম, এম শওকত আলী ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক	ব্যবস্থাপনা পরিচালক	ঐ
